

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

গণবিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এক শ্রেণির অসাধু ব্যক্তি/ চক্র সনদ যাচাইয়ের নামে স্বাক্ষর জাল/বানোয়াট কার্যক্রম চালাচ্ছে যা এনটিআরসিএ'র গোচরে এসেছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের বিশেষ দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ কর্তৃক নিবন্ধন সনদের যাচাইকৃত প্রতিবেদনের হার্ডকপি সাথে এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোডকৃত প্রতিবেদনমিলিয়ে দেখতে হবে। যদি হার্ডকপিটি ওয়েবসাইটে আপলোডকৃত প্রতিবেদন/ প্রত্যয়নপত্রের হুবহু না হয় তবে সে হার্ড কপিটি জাল বলে বিবেচনা করা হবে এবং অবশ্যই এনটিআরসিএ কে জানাতে হবে, যাতে এনটিআরসিএ উক্ত জাল/বানোয়াটপ্রতিবেদন/প্রত্যয়নপত্রের বিষয়ে ফৌজদারী মামলা দায়ের করতে পারে। সনদ যাচাইয়ের সঠিকতা নিশ্চিতকরণের জন্য বিষয়টি অতি জরুরি হিসেবে বিবেচ্য। একইসাথে এ বিষয়ে সকল মহলকে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরিচালক
এনটিআরসিএ